মেহেরপুরের সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের ভবন উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিলে সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক ভবন উদ্বোধন করা হয়েছে ।

শনিবার দুপুরে সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের চারতলা বিশিষ্ট একাডেমিক ভবনের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

পরে সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খালেদ ওমর রুমির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, পিপিএম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলাম, মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুরের সভাপতি প্রফেসর আব্দুল মালেক, সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য মোঃ আব্দুল্লাহ।